DISA
since 1993

# দিশাবার্তা

ত্রৈমাসিক মুখপত্র

মাতৃভূমি ফ্যাশন
For details
matribhumifashion
017-61492557

৮ম বর্ষ, সংখ্যা ৩১, অক্টোবর-ডিসেম্বর ২০১৯

## ভেতরের পাতায়

০২ ২৫তম বার্ষিক সাধারণ সভা এবং ডিআইএসটি সনদ বিতরণ অনুষ্ঠান
০৩ ক্ষুদ্রঋণ কার্যক্রম
০৪ চিকিৎসা সহায়তা, স্বাস্থ্যসেবা কার্যক্রম
০৫-০৬ চান্দিনা শাখার বিশেষ প্রতিবেদন
০৭ শিক্ষাবৃত্তি বিতরণ-২০১৯
০৮-০৯ আলোঘর কার্যক্রম
১০ আলোঘর প্রকাশনা ভ্রাম্যমাণ বইমেলা
১১ আম্রপালী চারা বিতরণ ও ডিএলডিপি
১২ ডিআইএসটি ভর্তি বিজ্ঞপ্তি
১৩ ডিআইএসটি স্বল্পমেয়াদি কোর্সসমূহ ও স্বাস্থ্য কথা
১৪ মাতৃভূমি মিষ্টি
১৫ আলোঘর প্রকাশনা

## সম্পাদকীয়

প্রিয় পাঠক
বাংলাদেশের স্বাধিকার ও স্বাধীনতা আন্দোলনের পথিকৃৎ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহ্বানে ১৯৭১ সালে বাংলার আপামর জনসাধারণ মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন। এরই অবিসম্ভাবি পরিণতি ১৬ ডিসেম্বর ১৯৭১ সালে পাকিস্তানি সৈন্যবাহিনীকে পরাজিত করে বাঙালির চূড়ান্ত বিজয় অর্জন।

ডেভেলোপমেন্ট ইনিশিয়েটিভ ফর সোশাল এডভান্সমেন্ট (দিশা)'র সকল কার্যক্রম বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব এবং মহান মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে পরিচালিত। বীর-বাঙালির এই বিজয়গাথার গৌরবোজ্জ্বল ইতিহাসকে সামনে রেখে দিশা'র সকল কার্যক্রমে প্রতিবছর যথাযোগ্য মর্যাদার সঙ্গে ১৬ ডিসেম্বর বিজয় দিবস উদ্‌যাপন করা হয়।
এরই ধারাবাহিকতায় এ বছরও বর্ধিত পরিসরে দিশায় বিজয় দিবস উদ্‌যাপিত হয়েছে।

## দিশা ইনস্টিটিউট অব সাইন্স এ্যান্ড টেকনোলজি (ডিআইএসটি) এর প্রশিক্ষণার্থীদের মাঝে আনুষ্ঠানিকভাবে সনদ বিতরণ করেন

### মো. ফারুক হোসেন, নির্বাহী চেয়ারম্যান (সচিব)

### জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ), প্রধানমন্ত্রীর কার্যালয়




দিশা ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি (ডিআইএসটি) এর ১ বছর মেয়াদি কারিগরি প্রশিক্ষণ কোর্স সফলভাবে সম্পন্নকারী ৭১ জন প্রশিক্ষণার্থীর (ব্যাচ-২) মাঝে ৩০ নভেম্বর ২০১৯ তারিখ আনুষ্ঠানিকভাবে সনদ বিতরণ করেন প্রধান অতিথি জনাব মো. ফারুক হোসেন, নির্বাহী চেয়ারম্যান (সচিব) জাতীয় দক্ষতা উন্নয়ণ কর্তৃপক্ষ। দিশার প্রধান নির্বাহী মো. সহিদ উল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন তরুণ প্রজন্মের কর্মসংস্থান এবং দেশের আর্থ-সামাজিক টেকসই উন্নয়নে কারিগরি শিক্ষার বিকল্প নেই, তিনি দিশার উদ্যোগে ডিআইএসটি প্রতিষ্ঠা ও পরিচালনা একটি সময়োপযোগী পদক্ষেপ উল্লেখ করে এর ভূয়সী প্রশংসা করেন এবং ডিআইএসটির উন্নয়নে সরকারি সহযোগিতার প্রত্যয় ব্যক্ত করেন।

তিনি ডিআইএসটি'র সকল বিভাগ ঘুরে দেখেন, প্রশিক্ষনার্থীদের সাথে মতবিনিময় করেন এবং যথাযথ/কার্যকর প্রশিক্ষণের জন্য ডিআইএসটির বিশাল মেশিন/টুলসের আয়োজনে সন্তোষ প্রকাশ করেন। অনুষ্ঠান শেষে তিনি আলোঘর পল্লবী পরিদর্শন করেন।

এরপর পৃষ্ঠা ২ এ

## দিশা'র ২৫তম বার্ষিক সাধারণ সভা




**২০১৮-১৯ অর্থ বৎসরের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করছেন কার্যনির্বাহী পরিষদের সেক্রেটারি জেনারেল এবং প্রধান নির্বাহী মো. সহিদ উল্লাহ**

বিস্তারিত পৃষ্ঠা ২ এ

১ম পৃষ্ঠার পর

মো. ফারুক হোসেন, নির্বাহী চেয়ারম্যান (সচিব) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ মো. সহিদ উল্লাহর আমন্ত্রণে ৩০ নভেম্বর ২০১৯ তারিখ আলোঘর-পল্লবী (জ্ঞান ও তথ্যকেন্দ্র) ও পরিদর্শন করেন। পরিদর্শন মন্তব্যে লিখেন-


আলোঘর পাঠাগার দেখে আমি মুগ্ধ। অসংখ্য বই এবং উল্লেখযোগ্য সংখ্যক পাঠকের উপস্থিতি দেখে আমি অবাক হলাম, দিশা'র এ উদ্যোগে। খোঁজার সময় হয়নি, আমার বই আছে কিনা দেখার। তবে, এক মুহূর্তে আমি লেখক হয়ে উঠেছি আলোঘরের আলো

৩০.১১.১৯.


আলোঘর পাঠকদের সাথে মো. ফারুক হোসেন

প্রথম পৃষ্ঠার পর

# দিশা'র ২৫তম বার্ষিক সাধারণ সভা

ডেভেলাপমেন্ট ইনিশিয়েটিভ ফর সোশাল এডভান্সমেন্ট (দিশা)'র ২৫তম বার্ষিক সাধারণ সভা ২০ ডিসেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দে সংস্থার প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সংস্থার চেয়ারম্যান ডা. মহসীন উদ্দীন আহমেদ এর সভাপতিত্বে পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। সভাপতি মহোদয়ের অনুমোদনক্রমে সেক্রেটারি জেনারেল মো. সহিদ উল্লাহ্ বার্ষিক সাধারণ সভার আলোচ্যসূচি অনুযায়ী গত ২৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী, ২০১৮-১৯ অর্থ বৎসরের বার্ষিক প্রতিবেদন, ২০১৮-১৯ অর্থ বৎসরের আয়-ব্যয় প্রতিবেদন, ২০১৮-১৯ অর্থ বৎসরের অডিট রিপোর্ট, ২০১৯-২০ অর্থ বৎসরের বাজেট ও কর্ম-পরিকল্পনা অনুমোদনের জন্য উপস্থাপন করেন। সেক্রেটারি জেনারেল ও প্রধান নির্বাহী মো. সহিদ উল্লাহ্ সাধারণ সভার প্রতিবেদনসমূহ উপস্থাপন করার পর উপস্থিত সম্মানিত সদস্যগণ তাঁদের সুন্দর, সুচিন্তিত ও গঠনমূলক পরামর্শ প্রদান করেন। আলোচনায় অংশগ্রহণ করেন জনাব রেজা মো. গোলাম কবির চৌধুরী, কমান্ডার এম বশির আহমেদ (অবঃ), জনাব সন্তোষ চন্দ্র পাল, জনাব সাইফুল ইসলাম চৌধুরী, জনাব মো. সিরাজুল ইসলাম, সৈয়দ ওয়ালিউল ইসলাম ও জনাব মো. মাহবুব আলম। প্রাণবন্ত আলোচনা শেষে সংস্থার সেক্রেটারি জেনারেল ও প্রধান নির্বাহী কর্তৃক ২০১৮-১৯ অর্থ বৎসরের উপস্থাপিত প্রতিবেদনসমূহ উপস্থিত সম্মানিত সদস্যগণের সম্মতিক্রমে অনুমোদিত হয় এবং ২০১৯-২০ অর্থ বৎসরের জন্য কর্ম-পরিকল্পনা ও ৬৯০ কোটি টাকার বাজেট পাশ হয়। সভাপতি মহোদয় সংস্থার পথচলায় সকলের সহযোগিতা প্রত্যাশা করেন এবং দিশা'র ২৫তম বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।






# এক নজরে দিশার ক্ষুদ্রঋণ কার্যক্রম

প্রান্তিক জনগোষ্ঠীর অর্থনৈতিক কার্যক্রম যেমন : কৃষি, খামার, গবাদিপশু পালন, মৎস্যচাষ, ক্ষুদ্র শিল্প উদ্যোগ, ক্ষুদ্র ব্যবসা ইত্যাদি কার্যক্রমে পুঁজির জোগান নিশ্চিত করতে সংস্থার ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে।




## ডিসেম্বর ২০১৯ পর্যন্ত

পিকেএসএফ, বিভিন্ন বাণিজ্যিক ব্যাংক এবং নিজস্ব অর্থায়নে দিশার ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। বর্তমানে এ কার্যক্রম দেশের ১৯টি জেলা-কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, নারায়ণগঞ্জ, নরসিংদী, মুন্সিগঞ্জ, ফেনী, কিশোরগঞ্জ, গাজীপুর, ঢাকা, লক্ষ্মীপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, মানিকগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ, নোয়াখালী, চট্টগ্রাম ও হবিগঞ্জ জেলার ১০১টি উপজেলায় সংস্থার ক্ষুদ্রঋণ ও সেবামূলক কার্যক্রমসমূহ ১০২টি শাখার মাধ্যমে পরিচালিত হচ্ছে।

এছাড়াও সংস্থার ক্ষুদ্রঋণ কার্যক্রমভুক্ত সদস্যদের আর্থসামাজিক টেকসই উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম পরিচালিত হচ্ছে যেমন :

- গবাদি পশু পালন ও অধিকতর দুধ উৎপাদনের জন্য দিশার ডেইরি অ্যান্ড লাইভস্টক ডেভেলাপমেন্ট প্রজেক্টের মাধ্যমে সহযোগিতা প্রদান। মাতৃভূমি ডেইরি ফুডস লি. (এমডিএফএল) এর মাধ্যমে প্রান্তিক কৃষকদের উৎপাদিত দুধ বিপণনে সহযোগিতা।
- দিশা ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি (ডিআইএসটি) এর মাধ্যমে সদস্য সন্তানদের পাশাপাশি দেশের অদক্ষ/বেকার যুবকদের দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কারিগরি প্রশিক্ষণ প্রদান।
- সদস্যদের শিক্ষার্থী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান।
- সদস্য ও তার স্বামী/ স্ত্রীর চিকিৎসা সহায়তা কার্যক্রম।
- আলোঘর কার্যক্রম
  - আলোঘর (জ্ঞান ও তথ্যকেন্দ্র)
  - আলোঘর প্রকাশনা
  - আলোঘর শিক্ষাবৃত্তি
  - আলোঘর নার্সারি
  - আলোঘর সবুজদল
  - সবুজায়ন ও পুষ্টি সমৃদ্ধ দেশ গড়ার লক্ষ্যে আম্রপালি চারা বিতরণ

## দিশার ক্ষুদ্রঋণ কার্যক্রমভুক্ত সদস্যদের জন্য চিকিৎসা সহায়তা

*অক্টোবর-ডিসেম্বর ২০১৯*

সদস্য ১৭

সদস্য স্বামী/স্ত্রী ১৫

মোট ৩২ জন

সহায়তার পরিমাণ

১,০৩,১০০ টাকা

# চিকিৎসা সহায়তা কার্যক্রম



দিশা মুরাদনগর শাখার ধনীরামপুর ২০০৬ কর্মজীবী মহিলা সমিতির সদস্য খুরশেদা বেগমের স্বামী মো. দুলাল মিয়া সড়ক দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত হন। খুরশেদা বেগমের স্বামী পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত মো. দুলাল মিয়ার চিকিৎসা ও সংসারের ব্যয় নির্বাহে খুরশেদা চরম আর্থিক সংকটে নিপতিত হয়।

মুরাদনগর শাখার সংশ্লিষ্ট কর্মকর্তা বিষয়টি শাখা ব্যবস্থাপক মো. সাবুবিন ইসলামের সঙ্গে আলোচনা করে চিকিৎসা সহায়তা কার্যক্রমের আওতায় খুরশেদাকে সহায়তা প্রদানের জন্য ব্যবস্থা গ্রহণ করেন।

প্রধান কার্যালয় অনুমোদিত এককালীন চিকিৎসা সহায়তা এলাকা ব্যবস্থাপক দেবদাস কুমার পাল, শাখা ব্যবস্থাপক মো. সাবুবিন ইসলামের উপস্থিতিতে ২১ নভেম্বর ২০১৯ তারিখ সদস্য খুরশেদার স্বামী মো. দুলাল মিয়ার হাতে তুলে দেন।



দিশা সিদ্ধিরগঞ্জ শাখার জালকুড়ি ২০২৩ কর্মজীবী মহিলা সমিতির সদস্য মুক্তা বেগমের হার্টের ব্লক জনিত সমস্যা দেখা দেয়। চিকিৎসক জরুরি ভিত্তিতে তার চিকিৎসা প্রক্রিয়া শুরুর ব্যাপারে নির্দেশনা দেন। কিন্তু আর্থিক সমস্যার কারনে তার পরবর্তী চিকিৎসা কার্যক্রম ব্যাহত হয়।

সিদ্ধিরগঞ্জ শাখার ঋণ কর্মকর্তা বিষয়টি অবগত হন এবং মুক্তা বেগমের পাশে দাঁড়ান। মুক্তা বেগমের চিকিৎসার জন্য সংস্থার চলমান চিকিৎসা সহায়তা কার্যক্রমের আওতায় এলাকা ব্যবস্থাপক মো. বাদশা মিয়া এবং শাখা ব্যবস্থাপক মো. আব্দুল মালেকের উপস্থিতিতে ১৮ ডিসেম্বর ২০১৯ তারিখ এককালীন চিকিৎসা সহায়তা প্রদান করা হয়। দিশার দেয়া আর্থিক অনুদানে মুক্তা বেগমের চিকিৎসা ব্যয়ভার অনেকটাই লাঘব হয়েছে।

অসুস্থ সদস্য মুক্তা বেগমের স্বামী কৃতজ্ঞতা প্রকাশ করে দিশার মঙ্গল কামনা করেন।

## স্বাস্থ্য সেবা কর্মসূচি

স্বাস্থ্য সচেতনতামূলক বিষয় নিয়ে কথা বলছেন
বড়বাড়ী শাখার স্বাস্থ্য সখি শিউলি আক্তার



দিশার অন্তর্ভুক্ত সদস্য এবং কর্ম এলাকার জনগোষ্ঠীর প্রাথমিক ও জরুরি স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে মা, নবজাতক ও শিশু স্বাস্থ্য উন্নয়ন, সংক্রমণ এবং সাধারণ রোগের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণের জন্য অক্টোবর ২০১৬ থেকে স্বাস্থ্যসেবা কার্যক্রম পরিচালিত হচ্ছে। বর্তমানে এই কার্যক্রমের আওতায় ৫টি জেলার ১১টি উপজেলায় সংস্থার ১৫টি শাখায় ৯৩ জন প্রশিক্ষণপ্রাপ্ত স্বাস্থ্যসখিগণ (স্বাস্থ্য কর্মী) প্রাথমিক চিকিৎসাসেবা প্রদান ও সচেতনতা বৃদ্ধিমূলক কাজ করছেন। এ পর্যন্ত ৪৯,৯৮৯ জনকে স্বাস্থ্যসেবা প্রদান করেছে।

সেবাসমূহ :
সংস্থার কার্যক্রমভুক্ত সদস্যদের নিয়ে স্বাস্থ্য ফোরাম গঠন, ডায়াবেটিস ও রক্তচাপ মাপা, জন্ম নিয়ন্ত্রণ সেবা, প্রেগন্যান্সি টেস্ট, গর্ভকালীন সেবা, প্রসব পরবর্তী সেবা, সঠিক রোগ নির্ণয় ও যথাযথ চিকিৎসার জন্য চিকিৎসকের নিকট প্রেরণ, সাধারণ রোগের চিকিৎসা ইত্যাদি।

### অক্টোবর-ডিসেম্বর ২০১৯ এর আওতায় পরিচালিত কার্যক্রমসমূহ

- মোট শাখা ১৫টি
- সেবাগ্রহীতা ৮০০৫ জন
- স্বাস্থ্য ফোরাম ৭২টি
- ডায়াবেটিস টেস্ট ১০০২ জন
- রক্তচাপ পরিমাপ ১৮৫৪ জন
- প্রেগন্যান্সি টেস্ট ৩৬৪ জন
- প্রসব পরবর্তী/ গর্ভকালীন সেবা ৩৭৬ জন
- প্রসব পরবর্তী সেবা ৮৫ জন
- রেফারকৃত রোগী ১৪৫ জন
- সাধারণ রোগের ব্যবস্থাপনা ৩৩৫৯ জন

# শাখা প্রতিবেদন-২ চান্দিনা শাখা কোড-০২

উৎপাদনমুখী, বৈষম্যহীন, টেকসই অর্থনীতি এবং পরিবেশ বান্ধব বাংলাদেশ গড়ে তোলার প্রত্যয়ে ১৯৯৩ সালে গ্রামীণ অনগ্রসর জনগোষ্ঠী বিশেষ করে গ্রামীণ নারীদের আর্থসামাজিক অবস্থার টেকসই উন্নয়ন ও ক্ষমতায়নের লক্ষ্যে সংস্থার প্রধান নির্বাহী মো. সহিদ উল্লাহর উদ্যোগে ডেভেলোপমেন্ট ইনিশিয়েটিভ ফর সোশাল এডভান্সমেন্ট (দিশা) প্রতিষ্ঠা লাভ করে। সমাজ উন্নয়নমূলক বিভিন্ন কার্যক্রম পরিচালনায় ১ম শাখা বরকইটের সফলতা সংস্থার কার্যক্রম সম্প্রসারণকে উদ্বুদ্ধ করে এবং জানুয়ারি ১৯৯৮ সালে চান্দিনা উপজেলা সদর, কুমিল্লায় ২য় শাখার কার্যক্রম শুরু হয়। চান্দিনা শাখার প্রথম শাখা ব্যবস্থাপক ছিলেন মহসিন রেজা। প্রতিষ্ঠাকাল হতে অদ্যাবধি শাখাটি অন্যতম সফল শাখা হিসাবে পরিচালিত হয়ে আসছে।

চান্দিনা শাখার সাবেক দক্ষ শাখা ব্যবস্থাপকবৃন্দ বর্তমানে সংস্থার বিভিন্ন উর্ধ্বতন পদে পদোন্নতি পেয়ে কর্মরত আছেন এরা হলেন : মো. জাহাঙ্গীর আলম ভূঁইয়া, উর্ধ্বতন প্রোগ্রাম ম্যানেজার (কার্যক্রম), মো. মনির হোসেন উর্ধ্বতনব্যবস্থাপক (প্রশাসন), মো. বাদশা মিয়া, জোনাল ম্যানেজার (টাঙ্গাইল যোন), মো. এমদাদুল হক, এলাকা ব্যবস্থাপক (চান্দিনা), মো. হুমায়ূন কবির, এলাকা ব্যবস্থাপক (মানিকগঞ্জ)। দিশাকে তারা ক্যারিয়ার গঠনে বেছে নিয়েছেন এবং তারা প্রত্যেকেই কর্মদক্ষতা, নিষ্ঠা এবং সততার উজ্জ্বল দৃষ্টান্ত



চান্দিনা শাখা কার্যালয়
হাসপাতাল রোড
উপজেলা : চান্দিনা
জেলা : কুমিল্লা

| ক্রম | শাখার বর্তমান কর্মকর্তাবৃন্দের নাম | পদবি |
|---|---|---|
| ১ | মো. শরিফুল ইসলাম মন্ডল | শাখা ব্যবস্থাপক |
| ২ | সুধীন চন্দ্র | হিসাবরক্ষক |
| ৩ | সুফিয়া আক্তার | সি. ক্রেডিট অফিসার |
| ৪ | মহাদেব শর্মা | সি. ক্রেডিট অফিসার |
| ৫ | মো. ফরিদুল ইসলাম | শি. সি. ক্রেডিট অফিসার |
| ৬ | আয়েশা আক্তার | সি. ক্রেডিট অফিসার |
| ৭ | মো. এনামুল হক | সি. ক্রেডিট অফিসার |
| ৮ | মো. হারুন-অর-রশিদ | সি. ক্রেডিট অফিসার |
| ৯ | মো. আজিজুল হক | ক্রেডিট অফিসার |
| ১০ | মো. রফিক তোকদার | ক্রেডিট অফিসার |
| ১১ | মো. রুহুল আমিন | অফিস সহকারী |
| ১২ | মো. জাহিদুল ইসলাম ভুঁইয়া | অফিস সহকারী |

## একনজরে চান্দিনা শাখার ক্ষুদ্রঋণ কার্যক্রম

**সদস্য সংখ্যা**
মহিলা-২৪৫০ জন
পুরুষ-৮৫ জন

**সমিতি সংখ্যা**
১১৮ টি

**সঞ্চয়স্থিতি**
২,৯৯,৬৮,১৯০

**ঋণস্থিতি**
৭,৫৯,৪২,৩৭০

## ঋণের খাতসমূহ

**জাগরণ**
ঋণী সংখ্যা-১২২৮
ঋণস্থিতি-৩,২৬,৩৩,৬৮৮

**অগ্রসর**
ঋণী সংখ্যা-৪১৮
ঋণস্থিতি-২,৬৩,৫৬,৭৯১

**বুনিয়াদ**
ঋণী সংখ্যা-২৬
ঋণস্থিতি-২,১৮,১৫৫

**সুফলন ASM**
ঋণী সংখ্যা-২৪৬
ঋণস্থিতি-১,৩৩,৪৩,৭৩৬

**সুফলন SL**
ঋণী সংখ্যা-১৮৮
ঋণস্থিতি-৩৩,৯০,০০০

এরপর পৃষ্ঠা ৬ এ

## শিক্ষাবৃত্তি কার্যক্রম

শিক্ষার মাধ্যমে টেকসই উন্নয়ন নিশ্চিত করতে, শিক্ষায় উৎসাহ প্রদান ও ঝরে পড়া রোধে দিশা'র ক্ষুদ্রঋণ কার্যক্রমভুক্ত সদস্যদের শিক্ষার্থী সন্তানদের শিক্ষাবৃত্তি বিতরণ করা হয়। এরই আলোকে চান্দিনা শাখার (২০১২-২০১৯) অদ্যাবধি শিক্ষাবৃত্তির তথ্য নিম্নে তুলে ধরা হলো

**শিক্ষাবৃত্তির তথ্য**

- সর্বমোট শিক্ষাবৃত্তি পরিমাণ ৩ লাখ ৪০ হাজার ১০০শ
- মোট শিক্ষার্থী-২৮৪
- ছাত্রী-১৯২
- ছাত্র-৯২




চান্দিনা শাখার শিক্ষাবৃত্তি বিতরণ-২০১৯

## চিকিৎসা সহায়তা

জটিল ও দুরারোগ্য রোগে আক্রান্ত সংস্থার ক্ষুদ্রঋণ কার্যক্রম অন্তর্ভুক্ত সদস্য/সদস্য স্বামী/স্ত্রীদের চিকিৎসা সহায়তা প্রদান এবং জরুরি স্বাস্থ্য সেবা নিশ্চিত করার লক্ষ্যে ব্যবস্থাপত্র/প্রতিবেদনসমূহ পর্যবেক্ষণ করে সংস্থার চিকিৎসা সহায়তা কার্যক্রমের আওতায় এককালীন চিকিৎসা সহায়তা প্রদান করা হয় :

**চিকিৎসা সহায়তা**

- সর্বমোট চিকিৎসা সহায়তার পরিমাণ ১ লাখ ১৪ হাজার ৫ শত
- মোট সংখ্যা-২৪ জন
- সদস্য- ৮ জন
- সদস্য স্বামী- ১৬ জন

মাইজখার কর্মজীবী মহিলা সমিতি (২২০৪), চান্দিনায় সাপ্তাহিক সভা





ঋণ বিতরণ

২৩ ডিসেম্বর ২০১৯
সদস্য : রহিমা বেগমকে (সদস্য নং : ৩৬, সমিতির কোড : ২২১৫) শাখা ব্যবস্থাপক, চান্দিনা মো. শরিফুল ইসলাম ৬০,০০০ (ষাট হাজার) টাকা চেক প্রদান করছেন।

## সফল নারী কৃষক



পুতুল রানীর শিম ক্ষেত

সদস্য : পুতুল রানী, সদস্য কোড : ১২৮, সমিতি কোড : শালুরচর কর্মজীবী মহিলা সমিতি (২২৬৩), গ্রাম : শালুরচর, চান্দিনা, কুমিল্লা জেলার অধিবাসী। শিম চাষসহ অন্যান্য উৎপাদিত কৃষিপণ্য বিক্রয় করে পরিবারের ব্যয় নির্বাহ করে সফল নারী কৃষক পুতুল রানী।

# ক্ষুদ্রঋণ কার্যক্রমভুক্ত সদস্যদের শিক্ষার্থী সন্তানদের জন্য দিশা-শিক্ষাবৃত্তি ২০১৯

## বিতরণকৃত শিক্ষাবৃত্তির বিস্তারিত তথ্য

টেকসই উন্নয়ন নিশ্চিত করতে শিক্ষায় উৎসাহ প্রদান ও ঝরে পড়া রোধে দিশা'র ক্ষুদ্রঋণ কার্যক্রমভুক্ত শিক্ষার্থী সন্তানদের জন্য শিক্ষাবৃত্তি-২০১৯ এর আওতায় প্রাপ্ত ১৬০০টি আবেদনপত্র যাচাই-বাছাই করে মোট ১৩৫৫ জন নির্বাচিত শিক্ষার্থীর মাঝে জনপ্রতি ১৫০০/- টাকা করে সর্বমোট ২০,৩২,৫০০/- টাকা শিক্ষাবৃত্তি বিতরণ করা হয়েছে। আবেদনপত্র আহ্বান, যাচাই-বাছাই ও বিতরণ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে ১৫ অক্টোবর ২০১৯।

**Area 1**
- বরকইট-২০ জন
- চান্দিনা-২০ জন
- বরুড়া-২৩ জন
- দেবিদ্বার-১৪ জন
- দো. নবাবপুর-১৮ জন

**সর্বমোট-৯৫ জন**

**Area 2**
- ফেনী সদর-২৭ জন
- মীরসরাই-৬ জন
- বারৈয়ারহাট-৫ জন
- ছাগলনাইয়া-৪ জন
- সোনাগাজী-৭ জন

**সর্বমোট-৪৯ জন**

**Area 3**
- সরাইল-১১ জন
- ব্রাহ্মণবাড়িয়া-১০ জন
- বিজয়নগর-৯ জন
- মাধবপুর-৩৬ জন
- আশুগঞ্জ-৯ জন

**সর্বমোট-৭৫ জন**

**Area 4**
- কালাকচুয়া-১১ জন
- শাসনগাছা-১৮ জন
- পদুয়ারবাজার-১৬ জন
- নুরপুর-১৬ জন
- বুড়িচং-৪৯ জন

**সর্বমোট-১১০ জন**

**Area 5**
- মতলব উ.-১৭ জন
- নাউরী-১৪ জন
- সুজাতপুর-২৯ জন
- ফরিদগঞ্জ-১৭ জন
- বাবুরহাট-১৫ জন

**সর্বমোট-৯২ জন**

**Area 6**
- সোনারগাঁ-১০ জন
- বন্দর-১১ জন
- কাঁচপুর-১৭ জন

**সর্বমোট-৩৮ জন**

**Area 7**
- ভুলতা-১৪ জন
- মাধবদী-৯ জন
- আড়াইহাজার-১৬ জন
- ভেলানগর-১৭ জন
- শিবপুর-১০ জন

**সর্বমোট-৬৬ জন**

**Area 8**
- পল্লবী-৬ জন
- উত্তরা-২ জন
- পীরেরবাগ-৮ জন

**সর্বমোট-১৬ জন**

**Area 9**
- বাসন-৮ জন
- বড়বাড়ি-৬ জন
- কালীগঞ্জ-২ জন
- কোনাবাড়ী-৭ জন
- কালিয়াকৈর-১০ জন

**সর্বমোট-৩৩ জন**

**Area 10**
- ঝিটকা-১২ জন
- সাটুরিয়া-৬ জন
- ঘিওর-১ জন
- দৌলতপুর-১ জন
- শিবালয়-৫ জন

**সর্বমোট-২৫ জন**

**Area 11**
- টাঙ্গাইল সদর-৩ জন
- এলেঙ্গা-১৭ জন
- কালিহাতি-১০ জন
- ভূঁয়াপুর-১০ জন
- ঘাটাইল-১৫ জন

**সর্বমোট-৫৫ জন**

**Area 12**
- উল্লাপাড়া-৪ জন
- শাহজাদপুর-১০ জন
- সাঁথিয়া-১৫ জন
- ফরিদপুর-৫ জন
- ভাঙ্গুরা-১২ জন

**সর্বমোট-৪৬ জন**

**Area 13**
- গৌরীপুর-১৯ জন
- নারায়নপুর-২৫ জন
- ভবেরচর-২৪ জন
- হোমনা-১৫ জন
- মেঘনা-১৩ জন

**সর্বমোট-৯৬ জন**

**Area 14**
- লাকসাম-২৪ জন
- হেসাখাল-৪৬ জন
- দাগনভূঁইয়া- ৯ জন
- বেগমগঞ্জ-৭ জন
- কোম্পানীগঞ্জ-৩ জন

**সর্বমোট-৮৯ জন**

**Area 15**
- মুরাদনগর-২৯ জন
- কুটিবাজার-২৭ জন
- ব্রাহ্মণপাড়া-৯১ জন
- তন্তর-৫ জন
- আখাউড়া-১৪ জন

**সর্বমোট-১৬৬ জন**

**Area 16**
- ভালুকা-৭জন
- রাজেন্দ্রপুর-১২ জন
- কাপাসিয়া-৪ জন
- সীড স্টোর-১১ জন

**সর্বমোট-৩৪ জন**

**Area 17**
- পয়ালগাছা-২৫ জন
- কচুয়া-৩৩ জন
- শাহরাস্তি-৩৫ জন
- রামগঞ্জ-৫ জন

**সর্বমোট-৯৬ জন**

**Area 18**
- গোড়াই-৫ জন
- মির্জাপুর-৬ জন
- সখিপুর-১৫ জন
- বাসাইল-১০ জন
- নাগরপুর-৭ জন

**সর্বমোট-৮৯ জন**

**Area 19**
- কটিয়াদি-১৮ জন
- ভৈরব-১১ জন
- বারৈচা-১২ জন
- বাজিতপুর-১১ জন
- কুলিয়ারচর-৫ জন

**সর্বমোট-৫৭ জন**

**Area 20**
- নরসিংহপুর-৬ জন
- সাভার-৪ জন
- ধামরাই-১০ জন
- সিংগাইর-৭ জন

**সর্বমোট-২৭ জন**

# আলোঘর উন্নয়নমূলক মতবিনিময় সভা-২০১৯




কুমিল্লা জেলার চান্দিনা উপজেলার দোল্লাইনবাবপুর ইউনিয়নের চেয়ারম্যান শাহাবুদ্দিন মাস্টারসহ এলাকার শিক্ষানুরাগী ও সমাজকর্মী/ নেতৃস্থানীয় ব্যক্তিদের অংশগ্রহণে ১৫ নভেম্বর ২০১৯ আলোঘর দোল্লাইনবাবপুর শাখায় অনুষ্ঠিত হয় 'আলোঘর উন্নয়ন বিষয়ক মত বিনিময় সভা-২০১৯'।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন দিশা পরিচালিত আলোঘর কার্যক্রমের উর্ধ্বতন ব্যবস্থাপক মো. আনিছুর রহমান। তিনি তার বক্তব্যে বলেন, 'আলোঘর শিক্ষাবৃত্তি'র যে উদ্যোগ আপনাদের সহযোগিতায় সফলভাবে পরিচালিত হচ্ছে একে স্থায়িত্বশীল করতে হলে এই কার্যক্রমে আপনাদের এবং সমাজের বিত্তবানদের অধিকতর সম্পৃক্ততা ও অনুদান অতিব জরুরি। 'আলোঘর শিক্ষাবৃত্তি' কার্যক্রম শিক্ষার্থীদের উৎসাহিতকরণে পরিচালিত হচ্ছে যার ফলে দোল্লাইনবাবপুর আলোঘর আওতাভুক্ত এলাকার শিক্ষার্থীরা উপকৃত হবে। তিনি উপস্থিত সকলকে এই কার্যক্রম সফল করতে অনুরোধ করেন।

চেয়ারম্যান শাহাবুদ্দিন মাস্টারসহ উপস্থিত সকলে 'আলোঘর শিক্ষাবৃত্তি' পরিচালনার নিমিত্তে নিয়মিত অনুদান প্রদানের এবং দোল্লাইনবাবপুরের বিত্তবানদের সম্পৃক্ত করার কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন বলে আশ্বাস দেন।

আলোঘর

**'জ্ঞানের আলোয় উদ্ভাসিত বাংলাদেশ'** গড়ার প্রত্যয়ে প্রতিষ্ঠিত ও সমাজের সকল স্তরের জ্ঞান ও তথ্য পিপাসু মানুষের চাহিদা পূরণে পরিচালিত আলোঘরসমূহে **অক্টোবর-ডিসেম্বর ২০১৯** ত্রৈমাসিকে বই, পত্রিকা, সদস্য সংখ্যা, সেবাগ্রহণকারী পাঠক, ইন্টারনেট ব্যবহারকারী ও আলোর আসরের তথ্য :

| আলোঘর শাখা | সদস্য/পাঠক | বই সংখ্যা | দৈনিক পত্রিকা | পত্রিকা আর্কাইভ | ইন্টারনেট ব্যবহারকারী | আলোর আসর |
|---|---|---|---|---|---|---|
| পল্লবী | সদস্য : ২০৪৩ জন<br>পাঠক : ১১৭৯০ জন | ১০৪১৩টি | ১৭টি | ০২টি | ৪৮৮ জন | ১৩টি |
| বরকইট | সদস্য : ৬৮১ জন<br>পাঠক : ৩১৯১ জন | ৪৩০৯টি | ৭টি | ০২টি | ১৭৪ জন | ১০টি |
| চান্দিনা | সদস্য : ১৪৫১ জন<br>পাঠক : ৩০০৬ জন | ৪০৯৯টি | ৬টি | ০২টি | ১১০ জন | ১১টি |
| মতলব (উ.) | সদস্য : ১১৮১ জন<br>পাঠক : ২৩৪৩ জন | ৪১৭৩টি | ৭টি | ০২টি | ৬৯২ জন | ৯টি |
| সোনারগাঁ | সদস্য : ৭৮৫ জন<br>পাঠক : ১৬৭৪ জন | ৪২৫০টি | ৬টি | ০২টি | ৪৪৪ জন | ৯টি |
| দোল্লাই নবাবপুর | সদস্য : ৩৫৭ জন<br>পাঠক : ১৬০৬ জন | ৪১৯৪টি | ৬টি | ০২টি | ৩৭৩ জন | ১২টি |
| সর্বমোট আলোঘর- ৬টি | সদস্য : ৬,৪৯৮ জন<br>পাঠক : ২৩,৬১০ জন | ৩১,৪৩৮টি | ৪৯টি | ১২টি | ২,২৮১ জন | ৬৪টি |

'১৬ ডিসেম্বর বিজয় দিবস' প্রতিবারের মতো এবারও সকল আলোঘরসমূহে উদ্‌যাপন করা হয় বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে। শিশু-কিশোরদের নিয়ে আয়োজন করা হয় আলোচনা সভা, ছবি আঁকা, কবিতা আবৃত্তি, প্রবন্ধপাঠ প্রতিযোগিতা। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে তুলে দেওয়া হয় আলোঘর প্রকাশনার সৃজনশীল বই।

## তথ্যচিত্রে আলোঘরসমূহে জাতীয় বিজয় দিবস-২০১৯ পালন



পল্লবী আলোঘরে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় প্রথম হওয়া বিজয়ীর হাতে পুরস্কার তুলে দিচ্ছেন ছালীমা নাজনীন বীথি, উপদেষ্টা, দিশা


মতলব (উ.) আলোঘরে ছবি আঁকায় ব্যস্ত খুদে প্রতিযোগীদের একাংশ


আলোঘর চান্দিনায় মহান বিজয় দিবস অনুষ্ঠানে চিত্রাঙ্কন প্রতিযোগীরা



সোনারগাঁ আলোঘরে মহান বিজয় দিবস অনুষ্ঠান

## আলোঘর সবুজদলের মহান বিজয় দিবস উদ্‌যাপন

আলোঘর কার্যক্রমের আওতায় ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের সচেতনতা/সৃজনশীলতা বৃদ্ধি, কুসংস্কারমুক্ত এবং প্রকৃত দেশপ্রেমিক নাগরিক করে গড়ে তোলার নিমিত্তে 'আলোঘর সবুজদল' গঠন ও পরিচালিত হচ্ছে। সবুজদল ও এর সদস্যরা বিভিন্ন জাতীয় দিবস উদ্‌যাপন এবং বাল্য বিবাহ রোধ, পরিবেশ রক্ষা, খাদ্য ও পুষ্টি সচেতনতা বৃদ্ধি, প্রাথমিক চিকিৎসা জ্ঞান, মাদকাসক্তি প্রতিরোধ ও সবুজায়ন ইত্যাদি বিষয় নিয়ে কাজ করে।

আলোঘর সবুজদলসমূহে মহান বিজয় দিবস বিভিন্ন আয়োজনে প্রতি বৎসর উদ্‌যাপিত হয় এরই ধারাবাহিকতায় ১৬ই ডিসেম্বর ২০১৯ এ মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে শিক্ষার্থী কিশোর-কিশোরীদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয় কবিতা আবৃত্তি, স্বরচিত কবিতা আবৃত্তি, জানা-অজানা ইত্যাদি প্রতিযোগিতা। অনুষ্ঠানসমূহে প্রতিযোগিতায় বিজয়ীদেরকে আলোঘর প্রকাশনার মুক্তিযুদ্ধ ও বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম বিষয়ক বই পুরস্কার দেয়া হয়।


প্রত্যন্ত গ্রামে মহান বিজয় দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে স্বরচিত কবিতা আবৃত্তি করছে শিশু শিক্ষার্থী আলোঘর সবুজদল, কেশাইরকান্দি, ছেংগারচর, মতলব (উ.)

# আলোঘর প্রকাশনার ভ্রাম্যমাণ বইমেলা

শিক্ষার্থীদের বই পড়ায় উৎসাহিত করার লক্ষ্যে 'প্রতিদিন বইমেলা প্রতিজনে একটি বই'-এই প্রতিপাদ্যে আলোঘর প্রকাশনার চলমান উদ্যোগে অক্টোবর-ডিসেম্বর ২০১৯ ত্রৈমাসে ৫টি জেলার (ঢাকা, নরসিংদী, চাঁদপুর, কুমিল্লা ও বরিশাল) ২৩টি শিক্ষাপ্রতিষ্ঠানে ভ্রাম্যমাণ বইমেলা অনুষ্ঠিত হয়।



উদয়ন উচ্চ বিদ্যালয়, কাকলী মোড়, বরিশাল এ ভ্রাম্যমাণ মেলায় উৎসুক শিক্ষার্থী




জয়নগর পিজিসিবি উচ্চ বিদ্যালয়, ঈশ্বরদী, পাবনায় ভ্রাম্যমাণ বইমেলা

## শিক্ষার্থীদের আলোঘর পরিদর্শন

আলোঘরসমূহের নিকটবর্তী শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থীদের শ্রেণিগতভাবে আলোঘর পরিদর্শন আলোঘরের একটি নিয়মিত কার্যক্রম। পরিদর্শন কালে শিক্ষার্থীরা আলোঘরে সংরক্ষিত বই এবং আলোঘরের সেবাসমূহ সম্পর্কে অবহিত হয়। পরিদর্শনকালে তারা তাদের পছন্দের বইও পড়তে পারে।



আলোঘর চান্দিনায় ফিরোজা পাইলট উচ্চ বিদ্যালয়ের নবম শ্রেণির শিক্ষার্থীরা



দোল্লাই নবাবপুর আলোঘরে দোল্লাই নবাবপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের নবম শ্রেণির ছাত্রীরা



## আলোঘর সবুজদলের নেতৃত্বে উন্নয়ন প্রশিক্ষণ

২২ নভেম্বর ২০১৯ শুক্রবার আলোঘর সবুজ দলের ২৬ জন দলনেতাদের নিয়ে নেতৃত্ব উন্নয়ন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এতে সবুজ দলের কার্যক্রম সম্পর্কে সকল দলনেতা তাদের করণীয় কাজ সম্পর্কে আলোচনা করেন এবং তাদের কর্মকাণ্ড আরও সুন্দর ও সঠিকভাবে পরিচালনার জন্য উদ্যোগ নেবে বলে সংকল্পবদ্ধ হয়। দলনেতাদের নেতৃত্ব উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম কামাল হোসেন প্রোগাম অফিসার (সবুজদল) এর সঞ্চালনায় এবং দোল্লাই নবাবপুর আলোঘর ম্যানেজার ডলি আক্তারের সহায়তায় পরিচালিত হয়।

# আলোঘর কর্তৃক বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে বিনামূল্যে আম্রপালি আমের চারা বিতরণ

প্রকৃতিকে বাঁচিয়ে রাখতে, বৈশ্বিক উষ্ণায়নরোধ, পুষ্টিসমৃদ্ধ জাতি গঠন এবং সবুজায়নের লক্ষ্যে আলোঘর বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে আলোঘর নার্সারি উৎপাদিত আম্রপালি আমের চারা বিনামূল্যে শিক্ষার্থীদের মাঝে বিতরণ কর্মসূচি ২০১৬ সাল হতে পরিচালনা করছে। পর্যায়ক্রমে বিনামূল্যে আম্রপালি আমের চারা বিতরণ কর্মসূচি সারাদেশে পরিচালনা করা হবে। ডিসেম্বর ২০১৯ পর্যন্ত বিভিন্ন জেলায় ৫৩,৫৫০টি আম্রপালি আমের চারা বিনামূল্যে শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা হয়েছে।

## আলোঘর চান্দিনা

৩ অক্টোবর ২০১৯ চান্দিনা মডেল পাইলট উচ্চ বিদ্যালয় সেমিনার কক্ষে চান্দিনা আলোঘরের ৪০টি সবুজদল সদস্যদের ১২০০ জন শিক্ষার্থীদের মাঝে ১২০০টি আম্রপালী আমের চারা বিনামূল্যে বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন তপন কুমার বকশী, উপজেলা চেয়ারম্যান; বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মফিজুল ইসলাম, মেয়র, চান্দিনা পৌরসভা এবং এমদাদুল হক, প্রধান শিক্ষক, চান্দিনা মডেল পাইলট উচ্চ বিদ্যালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্নেহশীষ দাশ, উপজেলা নির্বাহী অফিসার, চান্দিনা, কুমিল্লা।

## আলোঘর মতলব (উ.)

৩০ অক্টোবর ২০১৯ আলোঘর মতলব (উ.) এর উদ্যোগে ছেংগারচর সরকারি মডেল উচ্চ বিদ্যালয়ের ১২০০ জন শিক্ষার্থীকে ১২০০টি আম্রপালি আমের চারা বিনামূল্যে প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মো. সহিদ উল্লাহ, প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী, দিশা এবং মো. আমিনুল হক, দি ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লি. (ইউবিকো)। অনুষ্ঠানে দিশার প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী মো. সহিদ উল্লাহ বলেন, বৈশ্বিক উষ্ণায়ন রোধে সামাজিক বনায়ন জোড়দার করতে হবে এবং প্রত্যেকে প্রতিবছর ২/৩টি করে চারা রোপন ও এর পরিচর্যা করতে হবে।



সরকারি মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, চান্দিনা, কুমিল্লা




ছেংগারচর সরকারি মডেল উচ্চ বিদ্যালয়, মতলব (উ.), চাঁদপুর।

# গবাদিপশুর উন্নয়নে দিশা

দিশার কার্যক্রমের সাথে সম্পৃক্ত দেশের পূর্ব, পূর্ব-দক্ষিণ ও পূর্ব-উত্তরাঞ্চলের অগ্রসরমাণ প্রান্তিক জনগোষ্ঠীকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করতে উন্নত জাতের গাভি পালন ও অধিক দুগ্ধ উৎপাদনে উদ্বুদ্ধকরণ এবং যথাযথ বাজারজাতকরণের মাধ্যমে এই অঞ্চলকে দুগ্ধ উৎপাদন অঞ্চল হিসেবে গড়ার লক্ষ্যে এই প্রকল্প পরিচালিত হচ্ছে। এ লক্ষ্যে খামার ব্যবস্থাপনা ও উন্নতজাতের গাভি পালনের জন্য ৪টি এলাকায় আলাদাভাবে মোট ৬,০৯৬ জনকে বিশেষায়িত প্রশিক্ষণ এবং ৩,০৬৩টি চিকিৎসা ক্যাম্পের মাধ্যমে ১২,৫৫৭টি গবাদিপশুর স্বাস্থ্যসেবা দেওয়া হয়েছে।

প্রকল্পের কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের নিমিত্তে গবেষণা ও অভিষ্ট জনগোষ্ঠীর মাঝে উন্নত জাতের গবাদিপশু সরবরাহে উদ্বুদ্ধকরণ, কৃষক পর্যায়ে আধুনিক গবাদিপশু পালন প্রশিক্ষণ, দুগ্ধ উৎপাদন বৃদ্ধির পাশাপাশি দুগ্ধজাত পণ্য উৎপাদন ও বিপণন কার্যক্রম চালিয়ে যাচ্ছে যা অদূর ভবিষ্যতে আধুনিকায়ন ও বাস্তবমুখী পদক্ষেপ/অর্থায়নের মাধ্যমে উন্নয়ন সাধন করা হবে।

### ডিসেম্বর ২০১৯ পর্যন্ত এই প্রকল্পের আওতায় পরিচালিত সংগঠিত দুগ্ধ উৎপাদনকারী সাদা দলের কার্যক্রম

| এলাকা | দলের সংখ্যা | সদস্য সংখ্যা | দুগ্ধবতী গাভির সংখ্যা | গবাদি প্রাণীর সংখ্যা | দৈনিক উৎপাদিত দুধের পরিমাণ | সঞ্চয় স্থিতি (টাকা) | চিকিৎসা ক্যাম্প | | | কৃত্রিম প্রজনন সংখ্যা | ভ্যাকসিনেশন সংখ্যা | প্রশিক্ষণ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ক্যাম্প সংখ্যা | সদস্য সংখ্যা | গবাদি প্রাণীর সংখ্যা | | | সাদা দল | | প্যারাভেট | ক্ষুদ্রঋণ | |
| | | | | | | | | | | | | গ্রুপ | সদস্য | | গ্রুপ | সদস্য |
| চান্দিনা | ২৩ | ৫৩০ | ৪১১ | ১১৪২ | ২১৮০ লি: | ১৩,৫৮,২০০/- | ১১৫৪ | ২১২০ | ৪১৫২ | ৯৯২ | ৬৫৪ | ২২ | ৫৬০ | ১০ | ৩৬ | ৯১৬ |
| বুড়িচং | ১৯ | ৪৫২ | ৪৯০ | ১৩৩৬ | ১৩৭৪ লি: | ৬,৯৬,২৭০/- | ৭২০ | ১৩১৪ | ২৬৮৫ | ২১৪৫ | ২৫৭ | ২২ | ৬৮২ | ০৮ | | |
| গজারিয়া | ১৪ | ৩৮৬ | ৪০৭ | ১১২৫ | ১৩৭৬ লি: | ৫,৯৮,৯০০/- | ৬২৮ | ১৪১৯ | ২৯৪৬ | ৭২৪ | ৭০০ | ২৩ | ৬৭১ | ০৭ | | |
| বরুড়া | ১৮ | ৪৩৫ | ৪৬৫ | ১১১৮ | ৮৮৫ লি: | ১০,৯৫,২০০/- | ৫৬১ | ১২৪৩ | ২৭৭৪ | ৯৯৫ | ৯০৮ | ২৩ | ৬১৬ | ০৭ | | |
| **মোট** | **৭৪** | **১৮০৩** | **১৭৭৩** | **৪৭২১** | **৫৮১৫ লি:** | **৩৭,৪৮,৫৭০/-** | **৩০৬৩** | **৬০৯৬** | **১২৫৫৭** | **৪৮৫৬** | **২৫১৯** | **৯০** | **২৫২৯** | **৩২** | **৩৬** | **৯১৬** |

# দিশা ইনস্টিটিউট অব সাইন্স এ্যান্ড টেকনোলজি (ডিআইএসটি)

## (বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক নিবন্ধিত, কোড : ৫০৮২৭)


প্লট # ৪৫, রোড # ০৭, ব্লক # এ, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬

যোগাযোগ : ০১৭০৮-৪৪৯৯৫০, অধ্যক্ষ : ০১৭০৮-৪৪৯৮৬৭, উপদেষ্টা : ০১৭০৯-৩৮৯০৯৫

ই-মেইল: dist@disabd.org

www.distbd.org


DISA since 1993

দিশা DISA পরিচালিত একটি সামাজিক উদ্যোগ

বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। দারিদ্র্য এবং বেকারত্ব দেশটির উন্নয়নের পথে একটি বড় বাধা। এ বাধা দূর করতে দেশের যুব সমাজকে কারিগরি প্রশিক্ষণ প্রদানের কোন বিকল্প নেই। দারিদ্র্য এবং বেকারত্বের অন্ধকার থেকে আলোর পথে নিয়ে আসার জন্য ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে দিশা প্রতিষ্ঠিত একটি সামাজিক উদ্যোগ 'দিশা ইনস্টিটিউট অব সাইন্স এ্যান্ড টেকনোলজি (ডিআইএসটি)' বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক একটি অনন্য কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানের উদ্দেশ্য হলো দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে চাহিদার সাথে সঙ্গতি রেখে জনসম্পদ তৈরি করা। কারিগরি শিক্ষায় প্রান্তিক জনগোষ্ঠীর সন্তানদের শিক্ষিত করতে পারলে তাদের উৎপাদনশীল ও অধিক মজুরি ভিত্তিক কর্মসংস্থান হবে পাশাপাশি আগ্রহীদের আত্মকর্মসংস্থানের ব্যবস্থা নিশ্চিত করে আর্থিক সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে নিজ তথা পারিবারিক মর্যাদা বৃদ্ধি নিশ্চিত করবে, যা সমাজ ও রাষ্ট্রের টেকসই উন্নয়নকে ত্বরান্বিত করবে।

## ডিআইএসটি'র কোর্সসমূহ

| ক্র. নং | এক (১) বছর মেয়াদি কোর্সের নাম | শিক্ষাগত যোগ্যতা | বয়স | কোর্স শুরু |
|---|---|---|---|---|
| ১ | **কম্পিউটার :** এমএস অফিস, গ্রাফিক্স ডিজাইন, ওয়েব সাইট ডিজাইন এ্যান্ড ডেভেলাপমেন্ট ও আউটসোর্সিং, নেট-ওয়ার্কিং এ্যান্ড হার্ডওয়্যার মেইনটেনেন্স। | এইচএসসি পাশ সর্বনিম্ন জিপি ৩.০০ | বয়স ১৭-২৭ বছর | প্রতি বছর ১ অক্টোবর |
| ২ | **রেফ্রিজারেশন এ্যান্ড এয়ারকন্ডিশনিং :** ডোমেস্টিক রেফ্রিজারেটর, উইনডো টাইপ এয়ারকন্ডিশনার, স্প্লিট টাইপ এয়ারকন্ডিশনার, এয়ার কুলার, ওয়াটার কুলার ইত্যাদি রি-অ্যাসেম্বলি ও অ্যাসেম্বলি, রিপেয়ার এ্যান্ড সার্ভিসিং। | এসএসসি পাশ | | |
| ৩ | **ইলেকট্রিক্যাল :** ইলেকট্রিক্যাল ইনস্টলেশন এ্যান্ড মেইনটেনেন্স। | এসএসসি পাশ | | |
| ৪ | **মোটরসাইকেল রিপেয়ার এ্যান্ড সার্ভিসিং :** রিপেয়ার, রি-অ্যাসেম্বলি, অ্যাসেম্বলি এ্যান্ড সার্ভিসিং। | এসএসসি পাশ | | |
| ৫ | **মেকানিক্যাল ফিটিং** | এসএসসি পাশ | | |

## ডিআইএসটি'র স্বল্প মেয়াদি কোর্সসমূহের তথ্য

| বিভাগ | ক্র. নং | প্রশিক্ষণ কোর্সের নাম | মেয়াদ (সপ্তাহ) | কোর্স ফি | | মোট |
|---|---|---|---|---|---|---|
| | | | | প্রশিক্ষণ ফি | হোস্টেল ফি | |
| ইলেকট্রিক্যাল | ১ | ইলেকট্রিক্যাল হাউজ ওয়্যারিং | ৪ | ৬,০০০/- | ৫,৫০০/- | ১১,৫০০/- |
| | ২ | ইলেকট্রিক্যাল মোটর ওয়াইন্ডিং | ৪ | ৭,০০০/- | ৫,৫০০/- | ১২,৫০০/- |
| | ৩ | ইন্ডাস্ট্রিয়াল ইলেকট্রিসিটি | ৪ | ৭,০০০/- | ৫,৫০০/- | ১২,৫০০/- |
| | ৪ | এ্যাডভান্স ইলেকট্রিক্যাল ইন্সটলেশন এ্যান্ড মেইনটেনেন্স | ২ | ৮,০০০/- | ৩,০০০/- | ১১,০০০/- |
| মোটর সাইকেল | ৫ | ব্যাটারী টেকনেশিয়ান | ২ | ৬,০০০/- | ৩,০০০/- | ৯,০০০/- |
| | ৬ | মোটরসাইকেল ইলেকট্রিক্যাল এ্যান্ড ইলেকট্রনিক্স মেইনটেনেন্স | ৪ | ৬,০০০/- | ৫,৫০০/- | ১১,৫০০/- |
| | ৭ | মোটরসাইকেল সার্ভিসিং | ৪ | ৬,৫০০/- | ৫,৫০০/- | ১২,০০০/- |
| রেফ্রিজারেশন এ্যান্ড এয়ার কন্ডিশনিং | ৮ | রেফ্রিজারেশন এ্যান্ড এয়ারকন্ডিশনিং | ৮ | ১২,০০০/- | ১১,০০০/- | ২৩,০০০/- |
| | ৯ | রেফ্রিজারেটর সার্ভিসিং | ৪ | ৬,০০০/- | ৫,৫০০/- | ১১,৫০০/- |
| | ১০ | উইনডো এ্যান্ড স্প্লিট এয়ারকন্ডিশনার সার্ভিসিং | ৪ | ৬,০০০/- | ৫,৫০০/- | ১১,৫০০/- |
| | ১১ | ওয়াটার চিলার মেইনটেনেন্স | ২ | ৬,০০০/- | ৩,০০০/- | ৯,০০০/- |
| | ১২ | এডভান্স রেফ্রিজারেশন এ্যান্ড এয়ারকন্ডিশনিং | ২ | ৮,৫০০/- | ৩,০০০/- | ১১,৫০০/- |
| কম্পিউটার | ১৩ | কম্পিউটার এমএস অফিস | ৮ | ৭,০০০/- | ১১,০০০/- | ১৮,০০০/- |
| | ১৪ | গ্রাফিক্স ডিজাইন : ফটোশপ এ্যান্ড ইলাস্ট্রেটর | ৪ | ৭,০০০/- | ৫,৫০০/- | ১২,৫০০/- |
| | ১৫ | ওয়েবসাইট ডিজাইন এ্যান্ড আউটসোর্সিং | ৮ | ১০,০০০/- | ১১,০০০/- | ২১,০০০/- |
| | ১৬ | কম্পিউটার নেটওয়ার্কিং | ৮ | ১০,০০০/- | ১১,০০০/- | ২১,০০০/- |
| | ১৭ | কম্পিউটার হার্ডওয়্যার মেইনটেনেন্স | ৮ | ১০,০০০/- | ১১,০০০/- | ২১,০০০/- |
| | ১৮ | অটোক্যাড মেকানিক্যাল | ৮ | ১০,০০০/- | ১১,০০০/- | ২১,০০০/- |
| | ১৯ | অটোক্যাড সিভিল | ৮ | ১০,০০০/- | ১১,০০০/- | ২১,০০০/- |



অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| বিভাগ | ক্র. নং | প্রশিক্ষণ কোর্সের নাম | মেয়াদ (সপ্তাহ) | কোর্স ফি | | মোট |
|---|---|---|---|---|---|---|
| | | | | প্রশিক্ষণ ফি | হোস্টেল ফি | |
| প্লাম্বিং | ২০ | প্লাম্বিং : পাইপ ফিটিং এ্যান্ড স্যানেটারি ওয়ার্ক | ৪ | ৬,০০০/- | ৫,৫০০/- | ১১,৫০০/- |
| | ২১ | ফায়ার ফাইটিং : ওয়াটার পাইপ লাইন | ২ | ৬,০০০/- | ৫,৫০০/- | ১১,৫০০/- |
| সিভিল কনস্ট্রাকশন | ২২ | স্টীল ফিক্সার/রড বাইন্ডিং | ৪ | ৬,০০০/- | ৫,৫০০/- | ১১,৫০০/- |
| | ২৩ | স্যাটার কারপেন্টার | ৪ | ৬,০০০/- | ৫,৫০০/- | ১১,৫০০/- |
| | ২৪ | মেশিনারি : প্লাস্টার, ব্রিক্স এ্যান্ড হোলো ব্লক সিটিং | ৪ | ৬,০০০/- | ৫,৫০০/- | ১১,৫০০/- |
| | ২৫ | মেশিনারি : টাইলস্ এ্যান্ড মারবেল স্টোন সিটিং | ৪ | ৭,০০০/- | ৫,৫০০/- | ১২,৫০০/- |
| | ২৬ | মেশিনারি : মৌজাইক, টাইলস, মারবেল স্টোন এ্যান্ড সিরামিক বিক্স সিটিং | ৮ | ১৩,০০০/- | ১১,০০০/- | ২৪,০০০/- |
| | ২৭ | পেন্টিং : বিল্ডিং এ্যান্ড স্প্রে | ৪ | ৭,০০০/- | ৫,৫০০/- | ১২,৫০০/- |
| | ২৮ | পেন্টিং : মেটাল এ্যান্ড স্প্রে | ৪ | ৭,০০০/- | ৫,৫০০/- | ১২,৫০০/- |
| মেকানিক্যাল | ২৯ | ওয়েল্ডিং : আর্ক ১জি-৪জি | ৪ | ১৫,৫০০/- | ৫,৫০০/- | ২১,০০০/- |
| | ৩০ | ওয়েল্ডিং : মিগ | ১ | ১৬,০০০/- | ১,৫০০/- | ১৭,৫০০/- |
| | ৩১ | ওয়েল্ডিং : টিগ | ১ | ১৬,০০০/- | ১,৫০০/- | ১৭,৫০০/- |
| | ৩২ | ওয়েল্ডিং : গ্যাস | ২ | ১০,০০০/- | ৩,০০০/- | ১৩,০০০/- |
| | ৩৩ | স্টীল ফেব্রিকেটিং : ওয়েল্ডিং এ্যান্ড মেটাল ওয়ার্ক | ৪ | ২০,০০০/- | ১,৫০০/- | ২১,৫০০/- |
| | ৩৪ | টারনিং : লেদ এ্যান্ড ড্রিল | ৪ | ১০,০০০/- | ৫,৫০০/- | ১৫,৫০০/- |
| | ৩৫ | মেকানিক্যাল ফিটিং | ৪ | ১৫,০০০/- | ৫,৫০০/- | ২০,৫০০/- |
| ম্যানেজমেন্ট ও অন্যান্য | ৩৬ | টেকনিক্যাল স্কুল ম্যানেজমেন্ট | ১ | ১০,০০০/- | ১,৫০০/- | ১১,৫০০/- |
| | ৩৭ | ওয়ার্কশপ ম্যানেজমেন্ট | ১ | ১০,০০০/- | ১,৫০০/- | ১১,৫০০/- |
| | ৩৮ | ইন্টারপ্রিটিং টেকনিক্যাল ড্রয়িং | ২ | ১০,০০০/- | ৩,০০০/- | ১৩,০০০/- |
| | ৩৯ | স্পোকেন ইংলিশ | ৪ | ৬,০০০/- | - | ৬,০০০/- |
| | ৪০ | হাউজ কিপিং | ৪ | ৬,০০০/- | ৫,৫০০/- | ১১,৫০০/- |
| | ৪১ | অকুপেশনাল সেফটি হেলথ এ্যান্ড এনভায়রনমেন্ট | ৩ দিন | ৫,০০০/- | - | ৫,০০০/- |
| | ৪২ | সেফটি ইন ইন্ডাস্ট্রিজ | ৩ দিন | ৫,০০০/- | - | ৫,০০০/- |
| | ৪৩ | টেইলর মেইড কোর্স | চাহিদা অনুযায়ী | আলোচনা সাপেক্ষে | আলোচনা সাপেক্ষে | আলোচনা সাপেক্ষে |

**অস্বচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের জন্য যথোপযুক্ত গ্যারান্টি সাপেক্ষে দীর্ঘমেয়াদি শিক্ষাঋণের ব্যবস্থা আছে।**

# জেনে নিন শীতকালীন সবজির পরিচিতি

## সবজির পুষ্টিগুণ ও স্বাস্থ্য উপকারিতা



সবজি খেতে আমরা কম বেশি সবাই খুব পছন্দ করি। আর শীতকালীন সবজি হলে তো কথাই নেই। আমাদের দেশে শীতকালে প্রায় সব সবজি পাওয়া যায়। প্রায় সকল প্রকার শাক-সবজিতেই থাকে প্রচুর পরিমাণে এন্টি অক্সিডেন্ট উপাদান, যা ত্বকের বার্ধক্যরোধে বিশেষ ভূমিকা রাখে, এন্টি অক্সিডেন্ট উপাদানটি হৃদরোগ প্রতিরোধে সহায়ক এবং শরীরকে সুস্থ রাখে।

### শীতকালীন কিছু সবজির পরিচিতি ও পুষ্টিগুণ

**পালংশাক :** শীতকালীন সবজির মধ্যে অন্যতম হল পালংশাক। যা কিনা উচ্চমানের পুষ্টিগুণ সমৃদ্ধ এবং এন্টি অক্সিডেন্টে ভরপুর। এতে রয়েছে প্রচুর পরিমাণে ক্যালসিয়াম আয়রন এবং ফলিক অ্যাসিড। আর্থ্রাইটিস, অস্টিওপোরোসিস প্রতিরোধ করা ছাড়াও এটা হৃদরোগ ও কোলন ক্যান্সার প্রতিরোধে বিশেষ ভূমিকা পালন করে।

**ফুলকপি:** ফুলকপিতে রয়েছে প্রয়োজনীয় পরিমাণে ভিটামিন 'এ', 'বি', ও 'সি'। এছাড়া আরও রয়েছে পর্যাপ্ত পরিমাণে আয়রণ, ফসফরাস, পটাসিয়াম ও সালফার। আমাদের শরীরে রক্ত তৈরিতে আয়রন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। সাধারণত গর্ভবতী মা, বাড়ন্ত শিশু এবং যারা অতিরিক্ত শারীরিক পরিশ্রম করে তাদের জন্য ফুলকপি বেশ উপকারী একটি সবজি।

**টমেটো :** টমেটো জনপ্রিয় একটি সবজি বিশেষ। ক্যালরিতে ভরপুর এতে রয়েছে প্রচুর পরিমাণে ভিটামিন-সি, যা আপনার দাঁত ও হাড় গঠনে বিশেষ ভূমিকা রাখে। সাধারণত কাঁচা ও পাকা এই দুই অবস্থাতে টমেটো খাওয়া যায়। টমেটোতে প্রয়োজনীয় ভিটামিন-সি ত্বক ও চুলের রুক্ষভাব অনেকাংশে দূর করে এবং ঠান্ডাজনিত রোগ ভালো করে। আমাদের শরীরের যেকোনো চর্মরোগ, বিশেষ করে স্কার্ভি রোগ প্রতিরোধ করতে অনেকাংশে সাহায্য করে। লাইকোপিন উপাদান যা কিনা আমাদের শরীরের মাংসপেশিকে মজবুত করে, দেহে ক্ষয় রোধ করতে সক্ষম, আমাদের দাঁতের গোড়াকে করে আরও শক্তিশালী ও চোখের পুষ্টি জোগায়।

**শিম :** শীতকালীন সবজি শিম খুবই সুস্বাদু, পুষ্টিকর, আমিষের একটি ভালো উৎস। এটি প্রধানত সবজি হিসেবে এবং এর শুকনো বীজ ডাল হিসেবে খাওয়া হয়। শিম সাধারণত ডায়রিয়ার প্রকোপ কমায়। রক্তে কোলেস্টেরলের মাত্রা অনেকাংশে কমায় এবং হৃদরোগের ঝুঁকি হ্রাস করে পাকস্থলী ও প্লিহার শক্তি বাড়ায়।

সূত্র : blog.ehaspatal.com
শনিবার, ১৪ জানুয়ারি, ২০১৭

# মাতৃভূমি মিষ্টি

মাতৃভূমি ডেইরী ফুডস্ লিমিটেড

মাতৃভূমি মিষ্টি উৎপাদিত হয় প্রকল্পের নিজস্ব তত্ত্বাবধানে প্রশিক্ষিত খামারির সুস্থ গাভির খাঁটি দুধ দিয়ে।

আপনার মিষ্টি ও দুধ ক্রয়ের মাধ্যমেই জীবিকা নির্বাহ হচ্ছে হাজারো প্রান্তিক খামারির।

মাতৃভূমি ডেইরী ফুডস্ লিমিটেড মিষ্টিজাত দ্রব্য উৎপাদনের পাশাপাশি উন্নতমানের পুষ্টি ও গুণগত মানসম্পন্ন বিস্কুট, কেক, পাউরুটি, ড্রাই কেক, টোষ্ট উৎপাদন করছে। এই উৎপাদন কাজে ব্যবহৃত হচ্ছে বাংলাদেশ, তাইওয়ান, ইন্ডিয়া, এবং চায়না এর উন্নত প্রযুক্তি ও মেশিনারীজ।

**প্রতিটি বিক্রয়কেন্দ্রে গাভির খাঁটি দুধ পাওয়া যায় এবং হোম ডেলিভারির ব্যবস্থা রয়েছে।**






| SHOWROOM CONTACT | চান্দিনা, কুমিল্লা<br>০১৭৬১-৪৯২৫৫৪ | চান্দিনা-২, কুমিল্লা<br>০১৭০৮৪৪৯৮৫৯ |
|---|---|---|
| ক্যান্টনমেন্ট, কুমিল্লা<br>০১৭৬১-৪৯২৫৫৯ | রেইসকোর্স, কুমিল্লা<br>০১৭৬১-৪৯২৫৬২ | ইপিজেড রোড, কুমিল্লা<br>০১৭০৮-৪৪৯৮০১ |
| বরুড়া, কুমিল্লা<br>০১৭০৮-৪৪৯৮০২ | দাউদকান্দি, কুমিল্লা<br>০১৭০৮-৪৪৯৮০৪ | পল্লবী, মিরপুর ১১.৫, ঢাকা<br>০১৭৬১-৪৯২৫৬৩ |
| লাকসাম, কুমিল্লা<br>০১৭০৮-৪৪৯৯৮৬ | বনশ্রী, ঢাকা<br>০১৭০৮-৪৪৯৮০০ | কালশী রোড, পল্লবী, মিরপুর<br>০১৭০৮-৪৪৯৮০৩ |


For our Product & Details
০১৭৬১৪৯২৫৫১
matribhumidairy


cfo@mdflbd.com mdflbd.com matribhumidairy

# আলোঘর প্রকাশনার নতুন বই

সার্বক্ষণিক : ০১৭০৯ ৩৮ ৯০ ৭২
alogharprakashana.com























**অগ্নিঝরা ৭ মার্চ এবং এক কিশোরের একাত্তর**
মো. ফজলুল হক–মূল্য : ৩২০

**হারিয়ে যাওয়া এক রাজহাঁসের বাচ্চা**
ফ্রিশরি ওত্তের
রুশ থেকে অনুবাদ : জাহীদ রেজা নূর–মূল্য : ১০০

**নীতিকথার নির্বাচিত গল্প**
নিয়েফ তলস্তোয়ে–মূল্য : ১৫৫

**নির্বাচিত কিশোর গল্প**
হাবীবুল্লাহ সিরাজী–মূল্য : ২০০

**Bangladesh Moves On**
A Collection of Essays on
Socio-economic Development
আতিউর রহমান–মূল্য : ১০০০

**শ্রেষ্ঠ কবিতা**
বুলান্দ জাভীর–মূল্য : ২৫০

**শ্রেষ্ঠ কবিতা**
পুলক হাসান–মূল্য : ২০০

**Perspectives on People Centred Development**
Qazi Kholiquzzaman Ahmad–মূল্য : ১৫০০

**পৃথিবীর সেরা দশ গণিতজ্ঞ**
মিশির হাবিব–মূল্য : ১০০

- ই/৭, বর্ধিত পল্লবী, মিরপুর-১১.৫, ঢাকা-১২১৬ মোবাইল : ০১৭৬১-৪৯২৫৩৭
- ৩৮/৪ বাংলাবাজার, মান্নান মার্কেট (২য় তলা), ঢাকা মোবাইল : ০১৭০৯-৩৮৯০৭৩
- ৩, কনকর্ড টাওয়ার (বেইসমেন্ট), কাঁটাবন, ঢাকা মোবাইল : ০১৭০৯-৩৮৯০৭৪

দিশা DISA পরিচালিত একটি সামাজিক উদ্যোগ

# দিশার সামাজিক উদ্যোগ 'আলোঘর প্রকাশনা' কর্তৃক প্রকাশিত পিকেএসএফ চেয়ারম্যান অর্থনীতিবিদ ড. কাজী খলীকুজ্জমান আহমদ এর বইয়ের মোড়ক উন্মোচন

গত ১৮ নভেম্বর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের 'হল অব ফেইমে' আলোঘর প্রকাশনা প্রকাশিত পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) চেয়ারম্যান অর্থনীতিবিদ ড. কাজী খলীকুজ্জমান আহমদ রচিত বই 'Perspectives on People-Centred Development with Particular reference to Bangladesh' এর মোড়ক উন্মোচন অনুষ্ঠিত হয়।

'পিকেএসএফ উন্নয়ন মেলা ২০১৯' এর সমাপনী অনুষ্ঠানে বইটির মোড়ক উন্মোচন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান, এমপি; তথ্য ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক, এমপি; পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপ-মন্ত্রী হাবিবুন নাহার, এমপি এবং ব্যবস্থাপনা পরিচালক পিকেএসএফ মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ এ সময় উপস্থিত ছিলেন।




## বিজয় দিবস-২০১৯ উদ্‌যাপন



দিশা ইনস্টিটিউট অব সাইন্স এ্যান্ড টেকনোলজি (ডিআইএসটি) আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখছেন দিশার প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী মো. সহিদ উল্লাহ

ডেভেলোপমেন্ট ইনিশিয়েটিভ ফর সোশাল এডভান্সমেন্ট (দিশা) এবং এর সকল কার্যক্রম বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব এবং মহান মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে পরিচালিত। 'দিশা' এবং এর সকল প্রকল্প/প্রতিষ্ঠান প্রতিবছর যথাযোগ্য মর্যাদায় বিভিন্ন আয়োজনে প্রত্যন্ত অঞ্চলসহ কর্মএলাকার সকল অঞ্চলে ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস উদ্‌যাপন করে।

২০১৯ সালে ১৬ই ডিসেম্বর বিজয় দিবস উদ্‌যাপিত হয় : প্রত্যন্ত অঞ্চলের অপেক্ষাকৃত অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষার্থী আলোঘর সবুজ দলের কিশোর/কিশোরীদের আনুষ্ঠানিক অংশগ্রহণ; আলোঘরসমূহে শিশু-কিশোরদের চিত্রাংকন, স্বরচিত/স্বদেশচেতনামূলক কবিতা আবৃত্তি, বিজয় দিবস বিষয়ক প্রবন্ধ, জানা-অজানা প্রতিযোগিতা এবং সদস্যদের আলোচনা সভা; মাতৃভূমি ফ্যাশন, মাতৃভূমি মিষ্টি, আলোঘর প্রকাশনা, আলোঘর নার্সারি এবং সংস্থার প্রধান কার্যালয়সহ সকল কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে আলোচনা সভা অনুষ্ঠানের মাধ্যমে।

DISA
since 1993

ত্রৈমাসিক মুখপত্র দিশাবার্তা

সম্পাদক : মো. সহিদ উল্লাহ

সহযোগিতায় :
DISA Branding-Media & Communication Team

www.disabd.org

ফোন : +৮৮ ০২ ৯০২১৮৫৮
সেল : +৮৮০ ১৭৩৩২১৯৯০০
ই-মেইল : info@disabd.org
ঠিকানা : ই/১০, বর্ধিত পল্লবী, মিরপুর-১১.৫,ঢাকা-১২১৬